

## দিল্লিতে আফ্রিকান ছাত্র মি. মাসোদাঁ কিটাডা ওলিভিয়ার মৃত্যুতে বিবৃতি

আমরা আফ্রিকান স্বরাষ্ট্রমন্ত্রকের বিবৃতি দেখেছি। দিল্লিতে আফ্রিকান স্নাতকোত্তরের ছাত্র মি. মাসোদাঁ কিটাডা ওলিভিয়ার মৃত্যু প্রকৃতপক্ষে খুবই দুঃখজনক এবং আমরা দ্ব্যর্থহীনভাবে এই ঘটনায় নিন্দা করছি।

শ্রী অমর সিনহা, সচিব (অর্থনৈতিক সম্পর্ক) আফ্রিকার সঙ্গে সম্পর্কের বিষয়টা দেখছেন, গতকাল আফ্রিকান স্বরাষ্ট্রমন্ত্রকের একটি দলের সঙ্গে দেখা করেন, এই দলে ছিলেন আফ্রিকার কূটনৈতিক বিভাগের ডিন, ইরিত্রিয়ার রাষ্ট্রদূত। তিনি তাঁদেরকে বোঝান, দ্রুত ঘটনার তথ্য সংগ্রহের জন্য দিল্লি পুলিশের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রক যোগাযোগ রাখছে। দিল্লি পুলিশ আইনত ব্যবস্থা নিচ্ছে। দু'জন সন্দেহভাজনকে ইতিমধ্যেই গ্রেফতার করা হয়েছে, একজন পলাতক। আমরা সুবিচারের ব্যাপারে নিশ্চয়তা দিচ্ছি এবং হামলায় জড়িতদের কঠোর শাস্তি দেওয়া হবে।

একইসঙ্গে সচিব (অর্থনৈতিক সম্পর্ক) উল্লেখ করেন, সব অপরাধমূলক কাজকে জাতিগতভাবে উদ্দেশ্যপ্রণোদিত বলে দেখা উচিত নয়। হাজার হাজার অফ্রিকান কোনওরকম সমস্যা ছাড়াই ভারতে থেকে তাদের পড়াশোনা চালিয়ে যাচ্ছেন। ভারত সরকার বিদেশি ছাত্রদের সঙ্গে সম্পর্ককে অত্যন্ত মর্যাদা দেয়, বিশেষ করে যাঁরা আফ্রিকা থেকে এসেছেন। ঐতিহাসিককাল থেকে আফ্রিকার সঙ্গে ভারতের ঘনিষ্ঠ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। আমরা নিশ্চিত করছি, ভারতে আফ্রিকান ছাত্রদের সর্বদা স্বাগত এবং এ ধরনের দুর্ভাগ্যজনক ঘটনা যাতে আর না ঘটে।

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ বর্তমানে গোটা বিষয়টা পর্যবেক্ষণ করছেন। তাঁর কথা মতো পররাষ্ট্রমন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী জেনারেল ভিকে সিং সাক্ষাৎ করেন আফ্রিকান দূতাবাসের প্রধানের সঙ্গে এবং তাঁকে আশ্বাস দেন আফ্রিকান নাগরিকদের সুরক্ষা ও নিরাপত্তার ব্যাপারে সরকার সব রকম সাহায্য করবে। এছাড়াও ভিকে সিং মেট্রো শহরগুলিতে আফ্রিকার ছাত্রদের সঙ্গে বৈঠক করবেন এবং তাঁদের সুরক্ষা ও নিরাপত্তার বিষয়ে আশ্বাস দেবেন। রাজ্য সরকারগুলিকে তিনি অনুরোধ করেছেন, ওইসব বৈঠকে সংশ্লিষ্ট রাজ্যের পুলিশ কমিশনারদের পাঠানোর জন্য।

নয়াদিল্লি

মে ২৫, ২০১৬